

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৬৬

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ عِظَمَ الْجَزَاءِ مَعَ عِظَمِ الْبَلَاءِ وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ عِظَمَ الْجَزَاءِ مَعَ عِظَمِ الْبَلَاءِ وَإِنَّ اللَّهُ عَزَّ وَجَلَّ إِذَا أَحَبَّ قَوْمًا ابْتَلَاهُمْ فَمَنْ رَضِيَ فَلَهُ الرِّضَا وَمَنْ سَخِطَ فَلَهُ السَّخَطُ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَه

#### বাংলা

১৫৬৬-[88] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বড় বড় বিপদ-মুসীবাতের পরিণাম বড় পুরস্কার। আল্লাহ তা'আলা কোন জাতিকে ভালবাসলে তাদেরকে বিপদাপদ দিয়ে পরীক্ষা করেন। যারা এতে সম্ভুষ্ট ও তৃপ্ত থাকে তাদের জন্য আল্লাহর সম্ভুষ্টি রয়েছে। আর যে জাতি এতে অসম্ভুষ্ট হয়, তার জন্য রয়েছে আল্লাহর অসম্ভুষ্টি। (তিরমিয়ী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] হাসান : আত্ তিরমিয়ী ২৩৯৬, ইবনু মাজাহ্ ৪০৩১, শু'আবুল ঈমান ৯৩২৫, শারহুস্ সুন্নাহ্ ১৪৩৫, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১৪৬, সহীহ আত্ তারগীব ৩৪০৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের মর্মার্থ হল যে, উৎসাহিত করা হয়েছে বালা মুসীবাতে পতিত হওয়ার পর তার উপর ধৈর্য ধারণ করার। আর বিপদাপদকে টেনে আনার দু'আ করাকে নিরুৎসাহিত করা হয়েছে এমনকি নিষেধও করা হয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন